

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নম্বর: ৫২.০১.০০০০.০০০.১০১.৯৯.০০০৭.২৬. ৭০৫

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩২
২৪ ফেব্রুয়ারি ২০২৬

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) কোটবাড়ী, কুমিল্লা, বাংলাদেশ এর ১৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখের ৪৭.৬৩.০০০০.০১১.৪১.২০২৬.৪৯/৩২০ সংখ্যক স্মারক মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।



মো: আরিফুল ইসলাম
পরিচালক (ভারপ্রাপ্ত)

ফোন: ০২-৫৫০০৭০৬৮

ই-মেইল: dir_fa&mis@bbs.gov.bd

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- (০১) পরিচালক (সকল) উইং, বিবিএস, ঢাকা।
(০২) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
(০৩) প্রকল্প পরিচালক (সকল) বিবিএস, ঢাকা।
(০৪) স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।
(০৫) স্টাফ অফিসার, উপমহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।
(০৬) অফিস কপি।

পরিচালকের দপ্তর কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা	
সি.সি. এনালিস্ট (সিস্টেম)	* ছড়ার উপস্থাপন করণ
মুদ্রাপরিচালক	* প্রকাশের উপস্থাপন করণ
সি. এনালিস্ট/সি. প্রোগ্রামার (মেসাজিং/কেটেমসিং/ডিজিটাল)	* প্রোগ্রামার ব্যবস্থা গ্রহণ
সি. এনালিস্ট/সি. প্রোগ্রামার (ডাটা এনালিসিস/প্রসেসিং/সফটওয়্যার)	* আলোচনা করণ
উপপরিচালক (প্রশাসন/হিসাব)	* পরিসংখ্যনের জরুরি কাজ
সি./মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার	* পরিষ্কার করণ
প্রকল্প পরিচালক (.....)	* প্রকল্পের কার্যক্রম
ফোনাল পয়েন্ট (.....)	* প্রকল্পের কার্যক্রম
গতিশীল সহকারী	
তারিখ: ২৩/০২/২৬	১০
তারিখ: ২৪/০২/২৬	পরিচালক



স্মারক নং-৪৭.৬৩.০০০০.০১১.৪১.২০২৬.৪৯/৩২০

তারিখঃ ০৩/১১/১৪৩২ বঙ্গাব্দ
১৬/০২/২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)- এর গ্রন্থাগারে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) থেকে প্রকাশিত
সৌজন্য কপি সরবরাহ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বার্ড এর ড. আখতার হামিদ খান গ্রন্থাগারটি বেশ সমৃদ্ধ, এখানে প্রায় এক লক্ষেরও অধিক বই রয়েছে। ১৯৫৯ সালে বার্ড প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে প্রতিষ্ঠানটি নিয়মিতভাবে গবেষণা, প্রায়োগিক গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে আসছে। বার্ড কর্তৃক উদ্ভাবিত কুমিল্লা মডেল এর পরিচিতি বিশ্বব্যাপী। বার্ড থেকে প্রতিবছর ১০ টির অধিক গবেষণাধর্মী গ্রন্থ প্রকাশিত হয়। এছাড়া বার্ডে প্রতি বছর বুনিয়াদি/ বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, স্ব-উদ্যোগে আয়োজিত কোর্সসহ বিভিন্ন ধরনের স্বল্প ও মধ্যম পর্যায়ের প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হয়। পাশাপাশি এখানে সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য ইনটার্নশিপ প্রোগ্রামও চালু রয়েছে। এসব প্রশিক্ষণে প্রতি বছর দশ হাজারের অধিক প্রশিক্ষার্থী আংশগ্রহণ করেন যার মধ্যে বিসিএস ক্যাডারতুক্ত বিভিন্ন গ্রেডের সরকারী কর্মচারীবৃন্দ, দেশের অভ্যন্তরের বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত প্রশিক্ষার্থীবৃন্দ এবং বিদেশী প্রশিক্ষার্থী রয়েছেন। এছাড়াও বার্ড এর অনুদান সদস্যদের নিয়মিত গবেষণা পরিচালনা করতে হয় এবং আগত প্রশিক্ষার্থীদের একটি অংশ মাঠ গবেষণা কার্যক্রম পরিচালনা করে নিয়মিতভাবে নানা ধরনের গবেষণা প্রতিবেদন জমা দেয়। এ ধরনের গবেষণা কর্মকান্ড পরিচালনা করতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো থেকে প্রকাশিত নানা ধরনের প্রকাশনার তথ্য ব্যবহারের প্রয়োজন হয়।

এমতাবস্থায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো থেকে প্রকাশিত শুমারী ও জরিপসহ অন্যান্য সকল প্রকাশনার সৌজন্য কপি হিসেবে বার্ড গ্রন্থাগারে নিয়মিতভাবে সরবরাহের জন্য সর্বিনয় অনুরোধ করছি।

মহাপরিচালক
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও
ঢাকা-১২০৭, বাংলাদেশ

(সাইফ উদ্দিন আহমেদ)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বার্ড
টেলিফোন নং+৮৮০২৩৩৪৪০৩৬০০
ই-মেইল: dg@bard.gov.bd

অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।)

টেলিফোনঃ ০২৩৩৪৪০৩৬০১-৬, Telephone: 02334400601-6, 02334405011, 02334405070, Fax: 02334400406,
E-mail: dg@bard.gov.bd or diradmin@bard.gov.bd or dirtraining@bard.gov.bd Website: www.bard.gov.bd